অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখঃ ০৪/০১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানান যাচ্ছে যে, ২০২৬ সালের বার্ষিক বহিঃক্রীড়া প্রতিযোগিতা আগামী ১৩ ও ১৪ জানুয়ারি ২০২৬ খ্রি. মঙ্গলবার ও বুধবার কলেজ মাঠে অনুষ্ঠিত হবে। বহিঃক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক কলেজের নিয়মিত ছাত্র-ছাত্রীদেরকে নিম্নলিখিত ইভেন্টসমূহ ও নিয়মাবলী অনুসরণ করে আগামী ০৭/০১/২০২৬ খ্রি. তারিখ বেলা ১:৩০ টার মধ্যে কলেজের প্রশাসনিক ভবনের সামনে রক্ষিত **'বহিঃক্রীড়া'** নামাঙ্কিত নির্ধারিত বাক্সে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

উল্লেখ্য, একজন প্রতিযোগী সর্বোচ্চ তিনটি ইভেন্টে অংশগ্রহণের জন্য নাম জমা দিতে পারবে।

ক্রম	ইভেন্টসমূহ (ছাত্র)		ক্রম	ইভেন্টসমূহ (ছাত্রী)	
	উচ্চ মাধ্যমিক	স্নাতক (পাস/সম্মান) ও স্নাতকোত্তর		উচ্চ মাধ্যমিক	স্নাতক (পাস/সম্মান) ও স্নাতকোত্তর
১	দৌড় ১০০ মিটার	দৌড় ১০০ মিটার	১	দৌড় ১০০ মিটার	দৌড় ১০০ মিটার
২	দৌড় ২০০ মিটার	দৌড় ২০০ মিটার	২	দৌড় ২০০ মিটার	দৌড় ২০০ মিটার
৩	উচ্চলাফ	উচ্চলাফ	৩	দীর্ঘ লাফ	দীর্ঘ লাফ
৪	দৌড় ৪০০ মিটার	দৌড় ৪০০ মিটার	৪	দৌড় ৪০০ মিটার	দৌড় ৪০০ মিটার
উচ্চ মাধ্যমিক, স্নাতক (পাস/সম্মান) ও স্নাতকোত্তর			উচ্চ মাধ্যমিক, স্নাতক (পাস/সম্মান) ও স্নাতকোত্তর		
৫	দীর্ঘ লাফ		৫	চাকতি নিক্ষেপ	
৬	চাকতি নিক্ষেপ		৬	গোলক নিক্ষেপ	
৭	গোলক নিক্ষেপ		৭	বর্শা নিক্ষেপ	
৮	বর্শা নিক্ষেপ		৮	মিউজিক্যাল চেয়ার	
৯	লাফ ধাপ ঝাপ		৯	রিলে দৌড় (৪ X ১০০)	
১০	রিলে দৌড় (৪ X ১০০)		-	- - -	

নিয়মাবলি:

১। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে A-4 সাইজ কাগজে ইভেন্টের নাম, নিজের নাম, শ্রেণি, রোল নম্বর, শিক্ষাবর্ষ, বিভাগ, মোবাইল নম্বর লিখে কলেজ পরিচয়পত্রের ফটোকপিসহ (ID Card) প্রশাসনিক ভবনের অফিস কক্ষের সামনে রক্ষিত **'বহিঃক্রীড়া'** নামাঙ্কিত নির্ধারিত বাক্সে জমা দিতে হবে। যেসকল শিক্ষার্থী কলেজ পরিচয়পত্র এখনও পায়নি, তাদেরকে সর্বশেষ ভর্তি রশিদের ফটোকপি জমা দিতে হবে।

২। একজন প্রতিযোগী সর্বোচ্চ ০৩ (তিন) টি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে। একজন প্রতিযোগী সর্বোচ্চ ০৩ (তিন) টি ইভেন্টে অংশগ্রহণ করেও **রিলে দৌড়** প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

৩। রিলে দৌড় এর ক্ষেত্রে প্রতিযোগী এবং তার অংশীদার (Partner) এর নাম একসাথে একই কাগজে উপরোক্ত নিয়মে জমা দিতে হবে।

৪। নাম জমাদানের শেষ তারিখ ও সময়: **০৭/০১/২০২৬ খ্রি. দুপুর ১:৩০ টা**। উক্ত সময়ের পর আর কোনো অংশগ্রহণকারীর নাম জমা নেয়া হবে না।

৫। ক্রীড়া প্রতিযোগিতায় কোনো আপত্তি/অভিযোগ উত্থাপিত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

8/1/26
(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)
আইডি নম্বর- ৩০৬৩
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

04/01/026
(দীপক কুমার আচার্য্য)
আহ্বায়ক
বার্ষিক বহিঃক্রীড়া প্রতিযোগিতা কমিটি ২০২৬
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

অবগতির জন্য প্রেরিত হলো:

১। উপাধ্যক্ষ/আহ্বায়ক, APA টিম, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
৩। জনাব...বিভাগীয় প্রধান, ...বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
৪। জনাব..আহ্বায়ক/সদস্য, বার্ষিক বহিঃক্রীড়া প্রতিযোগিতা কমিটি ২০২৬;
৫। হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
৬। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েবসাইটে প্রচার করার জন্য নির্দেশ দেয়া গেল;
৭। সংরক্ষণ নথি।